

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হবে আইসিটি নির্ভর প্রতিষ্ঠান

তথ্যপ্রযুক্তি প্রতিবেদক


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে (বাউবি) তথ্যপ্রযুক্তি ব্যবহারপূর্বক একটি আইসিটি নির্ভর বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হবে। বাউবির উপাচার্য আর আই এম আমিনুর রশীদ গত ৭ আগস্ট ক্যাম্পাসে এক মতবিনিময় সভায় এ কথা বলেন।

উপাচার্য আর আই এম আমিনুর রশীদ জানান, কোরিয়ার সাহায্য সংস্থা কোরিয়ান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (কোয়েকা) সহযোগিতায় দূরশিক্ষণে আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করে ই-লার্নিং সেবা চালু করা হচ্ছে। কোয়েকা সাহায্যপুষ্ট আইসিটি প্রকল্পের সহায়তায় বাউবির প্রোগ্রামগুলোতে আইসিটি ব্যবহারের সুযোগ-সুবিধা প্রদান এবং ই-লার্নিং বিষয়ে শিক্ষক ও কর্মকর্তাদের দক্ষতা সৃষ্টির লক্ষ্যে মাস্টার ট্রেনার প্রশিক্ষক তৈরি করা এবং শিক্ষার্থীদের ই-লার্নিংয়ের আওতায় আনা হবে।



উপাচার্য আরও জানান, কোয়েকা ইন্টারঅ্যাঙ্কিভ ডার্চুয়াল ক্লাসরুম (আইভিসিআর) ও লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম (এলএমএস) বস্তবায়নে ২১ কোটি ৬০ লাখ টাকা অনুদান দেবে। বাউবি এ প্রকল্পটি বাস্তবায়নে নিজস্ব উৎস থেকে ছয় কোটি ১৯ লাখ টাকা অর্থায়ন করবে।

এ প্রকল্পে আপাতত গাজীপুর মূল ক্যাম্পাস, ঢাকা ও ময়মনসিংহ সাক্ষরিক কেন্দ্রে তিনটি আইসিটি ল্যাব স্থাপনের মাধ্যমে তথ্যপ্রযুক্তিনির্ভর শিকাব্যবস্থায় ই-লার্নিং কার্যক্রম গড়ে তোলা



হবে। এর মাধ্যমে অর্জিত প্রযুক্তিজ্ঞান ব্যবহার করে পাউবিতে একটি আইসিটি নির্ভর বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কোরিয়ার টিউনচিন ন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক সূচ সুনসিক, টাই হিউন হাই, হং জুন পার্ক ও ইয়ংসিক কিম।